

বর্ষ ১, সংখ্যা ২৪ | ১২ মে ২০২০

গোপালের অভিযান

নিজের এলাকা জীবাণুমুক্ত রাখতে অব্যাহত রয়েছে গোপালের অভিযান। কোভিড-১৯ এর হাত থেকে নিজ এলাকাবাসীকে রক্ষা করতে সক্রিয় ভূমিকা রাখছেন ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্থানীয় নেতা গোপাল চন্দ্র রায়। গত ২ মে রংপুরের গঙ্গাচড়া উপজেলার নোহালী ইউনিয়নের পূর্বকচুয়া গ্রামের গর্বপাড়ায় তৃতীয় ধাপে রাস্তাসহ ৩৫টি বাড়িতে ৬৪ লিটার জীবাণুনাশক স্প্রে করেন এই নিবেদিত ইয়ুথ লিডার।



নেত্রকোনা কলেজ ইউনিটের উদ্যোগ

ইয়ুথ এন্ডিং হাঙ্গার নেত্রকোনা সরকারি কলেজ ইউনিটের উদ্যোগে পরিচালিত হচ্ছে মানবিক সহায়তা কার্যক্রম। গত ১ মে কলেজ ইউনিটের যুগ্ম সমন্বয়কারী সৌরভ এর নেতৃত্বে দত্ত হাই স্কুল ইউনিটের ইয়ুথ লিডার আনোয়ার, পরশা, নিলয় এবং রাকিব-সহ আরও অনেকে মিলে অর্থ সংগ্রহ করেন এবং অসহায় কর্মহীন ৩০টি পরিবারের মাঝে তারা খাদ্যসামগ্রী পৌঁছে দেন। প্রতিটি পরিবারের জন্য বরাদ্দ ছিল পাঁচ কেজি করে চাল ও চিনি, আধা কেজি করে ডাল ও মুড়ি, আধা লিটার তেল এবং দুই কেজি আলু। তাদের এই মানবিক সহায়তা কার্যক্রম আগামীতেও অব্যাহত থাকবে বলে তারা জানিয়েছেন।

প্রতিবেদক: সোলায়মান শেখ

গুরুদাসপুর কলেজ ইউনিটের

জীবাণুমুক্তকরণ কর্মসূচি

২৩ এপ্রিল ইয়ুথ এন্ডিং হাঙ্গারের নাটোর জেলার গুরুদাসপুর শহীদ সামসুজ্জোহা সরকারি কলেজ ইউনিটের সদস্য কাজল, সাজু, সাগর-এর নেতৃত্বে এক দল তরুণ গুরুদাসপুর পৌরসভার ৩ নং ওয়ার্ড, বিলচরন, পার গুরুদাসপুর, কলেজের পার্শ্ববর্তী এলাকা জীবাণুমুক্তকরণের জন্য জীবাণুনাশক স্প্রে করেন। তাদের নিজস্ব প্রচেষ্টায় প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে তারা এই কার্যক্রম পরিচালনা করেন। স্থানীয় সমাজসেবীদের সহায়তা নিয়ে সংগ্রহ করেন স্প্রে মেশিন। এলাকার সুশীল সমাজ ও গণ্যমান্য ব্যক্তির তাদের এই ধরনের কর্মকাণ্ডের জন্য উৎসাহিত করেন।



ইয়ুথ এন্ডিং হাঙ্গারের গুরুদাসপুর কলেজ ইউনিটের সদস্যরা সামাজিক দায়বদ্ধতার চেতনা থেকে ভবিষ্যতেও এই ধরনের কার্যক্রম অব্যাহত রাখবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন।

মানুষের পাশে কাঞ্চনশ্বর ইয়ুথ ইউনিট

ইয়ুথ এন্ডিং হাঙ্গার লালমনিরহাট জেলার কাঞ্চনশ্বর ইউনিট করোনা প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। ইয়ুথ লিডারদের উদ্যোগে গ্রামের ৩৫টি বাড়ি, বাজার এবং মসজিদে নিয়মিত জীবাণুনাশক স্প্রে করা হচ্ছে। এছাড়াও করোনা থেকে সুরক্ষা বিষয়ে তারা স্থানীয় মানুষদের পরামর্শ দিয়ে আসছেন। ইউনিটের সমন্বয়কারী আবু বক্কর সিদ্দিক জানিয়েছেন, ভবিষ্যতে তারা নিজেদের অর্থায়নে ৩০টি পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করবেন এবং স্থানীয় প্রশাসনের কাজেও যুক্ত থাকবেন। গত ১০ এপ্রিল শুরু হয়ে এই কার্যক্রম অব্যাহতভাবে চলছে।

প্রতিবেদক: মোঃ তারিফ-উল ইসলাম তানিন



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আক্তার জলি
 সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
 প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
 সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

✉ yeh.bd@thp.org
 🌐 yeh.thpbd.org | thpbd.org
 📺 facebook.com/YEHBD

📍 হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
 ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
 ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

